গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
(সংস্থাপন শাখা)
www.pabna.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০০৯.১৫.০৫৫.২২.৬৩৪

তারিখ : ১২ অগ্রহায়ণ ১৪২৯
২৭ সেপ্টেম্বর ২০২২

## সভার নোটিশ

আগামী ৩০/১১/২০২২খ্রি. তারিখ সকাল ১১.০০টায় জেলা প্রশাসক, পাবনা কার্যালয়ের সম্মেলন কক্ষে ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.৩নং সূচক অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন জনাব বিশ্বাস রাসেল হোসেন, জেলা প্রশাসক, পাবনা।

২৭/১১/২০২২

( আফরোজা আখতার )
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
পাবনা
ফোন : +৮৮০২৫৮৮৮৪৫৫৪১
ই-মেইল : adcgpabna@mopa.gov.bd

প্রাপক :
জনাব : ............................
....................................
....................................

জেলা প্রশাসক, পাবনা কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১.৩ সূচক অনুযায়ী অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভার উপস্থিতি :

স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসক, পাবনা ।

তারিখ : ৩০-১১-২০২২খ্রি.

সময় : সকাল ১১.০০টা

| ক্র:নং | নাম / পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | মো: [illegible] / [illegible] | 01716-29761[illegible] | [illegible] |
| ০২. | [illegible] | 01715652422 | [illegible] |
| ০৩. | ডা. মো. [illegible] / [illegible] | 01324279201 | [illegible] |
| ০৪. | [illegible] / [illegible], পাবনা [illegible] | ০১৭১১১৬৫৭৭৩ | [illegible] |
| ০৫. | [illegible] | [illegible] | [illegible] |
| ০৬. | ফারহানা [illegible] / [illegible] | 01720107008 | [illegible] |
| ০৭. | সুদীপ্ত দেবনাথ / সহকারী কমিশনার | 01520090750 | সুদীপ্ত |
| ০৮. | মো: মিজানুর রহমান / সহকারী [illegible] অফিসার | 01720-585563 | [illegible] 30/11/22 |
| ০৯. | ড. [illegible] রবিউল আউয়াল [illegible] / প্রকৌ: নির্বাহী প্রকৌশলী, LGED, | 01714864440 | [illegible] |
| ১০. | মো: শরীফ হোসেন, ব্রাক জেলা সমন্বয়ক, ব্রাক, পাবনা | 01760080669 | [illegible] |
| ১১. | মো: রইসউদ্দিন, ব্রাক জেলা [illegible] / [illegible] | 01730321561 | [illegible] |
| ১২. | [illegible] সুলতানা [illegible] / [illegible], ইমাম গাযযালী [illegible] | 01724324715 | Sydha |
| ১৩. | মোছা: মুর্শিদা খাতুন, দ্বাদশ শ্রেণি / ইমাম গাযযালি কালেজ | 01788785218 | মুর্শিদা |
| ১৪. | মিম আক্তার দ্বাদশ শ্রেণি / ইমাম গাযযালী | 0175081-6092 | মিম আক্তার। |
| ১৫. | তামান্না তাহমিদ দ্বাদশ শ্রেণী / ইমাম গাযযালি কলেজ | 01734376248 | তামান্না |
| ১৬. | হাবিবা মুমতাহিনা মিমি দ্বাদশ শ্রেণী / ইমাম গাযযালি গার্লস কলেজ | 01735756271 | হাবিবা |
| ১৭. | মোছাঃ রুকসি খাতুন / ইমাম গাযযালি গার্লস স্কুল এন্ড কলেজ | 01738-485657 | রুকসি |
| ১৮. | মোছা: লাবনী খাতুন / ইমাম গাযযালী গার্লস স্কুল এন্ড কলেজ | 01754-149026 | লাবনী |
| ১৯. | মোছা: রাবেয়া সুলতানা [illegible] / ইমাম গাযযালি গার্লস স্কুল এন্ড কলেজ | 01703136070 | রাবেয়া |
| ২০. | রোকেয়া দ্বাদশ শ্রেণি / ইমাম গাযযালী গার্লস স্কুল এন্ড কলেজ | 01921061876 | রোকেয়া |

জেলা প্রশাসক, পাবনা কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১.৩ সূচক অনুযায়ী অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভার উপস্থিতি :

স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসক, পাবনা ।

তারিখ : ৩০-১১-২০২২খ্রি.

সময় : সকাল ১০.০০টা

| ক্র:নং | নাম / পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | মোসাঃ নার্গিস খাতুন<br>রাধানগর মজুমদার একাডেমি স্কুল এন্ড কলেজ | 01312274569 | নার্গিস |
| ০২. | মোছা: ফাহিমা খাতুন<br>রাধানগর মজুমদার একাডেমি স্কুল এন্ড কলেজ | 0175907477 | ফাহিমা |
| ০৩. | মোছা: আসমাউল হুসনা<br>রাধানগর মজুমদার একাডেমি স্কুল এন্ড কলেজ | 01727-354332 | হুসনা |
| ০৪. | মোছা: রাশিদা খাতুন আফরা<br>রাধানগর মজুমদার একাডেমি স্কুল এন্ড কলেজ | 01775756494 | রাশিদা |
| ০৫. | নুসরাত জাহান আদিবা<br>রাধানগর মজুমদার একাডেমি স্কুল এন্ড কলেজ | 01840-867671 | আদিবা |
| ০৬. | মোছা: আশা খাতুন<br>রাধানগর মজুমদার একাডেমি স্কুল এন্ড কলেজ | 01791-453037 | আশা |
| ০৭. | মো: আনোয়ার হোসেন শফিক<br>রাধানগর মজুমদার একাডেমি স্কুল এন্ড কলেজ | 01788667511 | আনোয়ার |
| ০৮. | মোছা: ইসরাত জাহান ছন্দা<br>রাধানগর মজুমদার একাডেমি স্কুল এন্ড | 01756558990 | ছন্দা |
| ০৯. | মোছা: দিলারা খাতুন<br>ইমাম গাযযালী গার্লস স্কুল | 01761963724 | দিলারা |
| ১০. | মোছা: সুমাইয়া খাতুন স্বপ্না<br>রাধানগর মজুমদার একাডেমি স্কুল এন্ড কলেজ | 01766-851919 | স্বপ্না |
| ১১. | মোছা: জান্নাতুল ফেরদৌস<br>রাধানগর মজুমদার একাডেমি স্কুল এন্ড কলেজ | 01786-198268 | জান্নাতুল |
| ১২. | বীর মুক্তিযোদ্ধা শ্রী চাঁদ কুমার চক্রবর্তী | [illegible] | [illegible] |
| ১৩. | মো: মোস্তফা আলী<br>DEO | 01708573806 | [illegible] ৩০.১১.২০২২ |
| ১৪. | মো: আসাদুজ্জামান<br>A/D DSS | 01726487584 | [illegible] 30.11.22 |
| ১৫. | মো: আব্দুস সাত্তার<br>সাধারণ সম্পাদক আনসার | 01711282709 | [illegible] |
| ১৬. | A.P.D, DM, [illegible] | ADPEO | [illegible] |
| ১৭. | মোঃ আব্দুল [illegible] | SR.HEO | [illegible] |
| ১৮. | | | |
| ১৯. | | | |
| ২০. | | | |

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) সভার কার্যবিবরণী:-

ভাপতি : বিশ্বাস রাসেল হোসেন
জেলা প্রশাসক,পাবনা।

সভার তারিখ : ৩০-১১-২০২২খ্রি.

সময় : সকাল ১১.০০ টা

সভার স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা

উপস্থিতি: পরিশিষ্ট 'ক'

সভাপতি সম্মেলন কক্ষে উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সভার কাজ শুরু করেন। তিনি বলেন- এ কার্যালয়ের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী -৪ এ উল্লিখিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.৩ সূচক অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের ( stakeholders ) অংশগ্রহণে ত্রৈমাসিক সভা আহবানের বিষয়টি অন্তর্ভূক্ত রয়েছে। তৎপ্রেক্ষিতে এ সভার আয়োজন করা হয়েছে। সভাপতি জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা ও এর আওয়াতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে প্রদত্ত সেবার মান ও সেবা পেতে কি ধরনের প্রতিবন্ধকতা হচ্ছে সে বিষয়ে মতামত ব্যক্ত করার জন্য অনুরোধ জানান।

০২। জনাব মো: রফিকুল ইসলাম সুইট, জেলা প্রতিনিধি, বাংলাদেশ সংবাদ সংস্থা, পাবনা প্রথমেই আলোচনায় অংশ নিয়ে বলেন- সরকারী নির্দেশনা থাকা সত্ত্বেও পাবনা জেলার সকল সরকারী দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ নেই। পাবনা জেনারেল হাসপাতালের বিষয়ে উল্লেখ করে বলেন-অনেক অফিসের ওয়েব পোর্টালে কোন তথ্য নেই। ওয়েব পোর্টাল হালনাগাদ থাকলে সরকারের সংশ্লিষ্ট দপ্তরের সেবা সম্পর্কে জনগণ অনলাইনে জানতে পারে। এতে সংশ্লিষ্ট দপ্তরের জবাব দিহিতা বাড়বে; যা সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক। তিনি জেলা প্রশাসনের ন্যায় সরকারের অন্যান্য দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করার অনুরোধ জানান।

০৩। জনাব রিজভী রাইসুল জয়, এটিএন নিউজ প্রতিনিধি, পাবনা জেলা শাখা বলেন- শহরের রাস্তাঘাটসহ সার্বিক পরিস্কার পরিচ্ছন্ন রাখার দায়িত্ব পাবনা পৌরসভার। কিন্তু পরিস্কার-পরিচ্ছন্নতার নামে প্রতিটি বাসা/ফ্ল্যাট থেকে প্রতিমাসে ১০০/২০০ টাকা করে নেয় হচ্ছে। এই টাকা আদায়ের কোন হিসাব নেই। এখানে বড় ধরনের দূর্নীতি হচ্ছে। এটা দেখার কেউ নেই। তিনি এ বিষয়ে পৌর কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।

০৪। জনাব আব্দুল মতিন খান, সভাপতি, বাংলাদেশ সংবাদ সংস্থা, পাবনা বলেন- জেলা প্রশাসনের ওয়েব পোর্টাল হালনাগাদ ও সিটিজেন চার্টার থাকলেও জেলার অন্যান্য দপ্তরে নেই। এ বিষয়ে ব্যবস্থা নেওয়া দরকার। ওয়েব পোর্টাল হালনাগাদ থাকলে ও সিটিজেন চার্টার প্রদর্শিত থাকলে কাউকে জিজ্ঞাসা না করে নিজ থেকেই অনেক সেবা পাওয়া যায়। তিনি বলেন-শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী ও অভিভাবকদের সেবার অনেক বিষয় আছে। পাবনা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কাছ থেকে তথ্য পাওয়া যায় নি উল্লেখ করে বলেন- আন্তরিকতা থাকলে সেবা দেওয়া যায় । সরকারী দপ্তরে কর্মরত সকল পার্যায়ের কর্মকর্তা তাদের স্ব-স্ব দায়িত্ব কর্তব্য সম্পর্কে জানেন। দায়িত্ব পালনে অঙ্গীকারাবদ্ধ হয়ে সবাইকে আত্ম সমালোচনা করে কাজ করলে সুশাসন প্রতিষ্ঠা হবে মর্মে জানান।

০৫। বীর মুক্তিযোদ্ধা চন্দন কুমার চক্রবর্তী বলেন- বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঠিক বাস্তাবায়ন হলে কোন অসুবিধা থাকার কথা নয়। তিনি এ ধরণের সভায় সকল দপ্তর প্রধানকে উপস্থিত থাকার প্রস্তাব করেন। তিনি বলেন-জেলা প্রশাসনের মত অন্য দপ্তরে সেবা প্রদানের চার্ট না থাকায় মানুষ সেই দপ্তরের সেবা সম্পর্কে জানতে পারছে না। ফলে অনেক মানুষ ভোগান্তির শিকার হচ্ছেন। এন.আই.ডি কার্ড সংশোধন করতে জেলা নির্বাচন অফিসে গেলে জানানো হয় এটা ঢাকা থেকে করতে হবে। অফিসের সামনে এ বিষয়ে তথ্য থাকলে বা ওয়েব পোর্টালে দেয়া থাকলে মানুষের ভোগান্তি হয় না। তিনি বলেন-উপজেলা কৃষি কর্মকর্তাগণ ইউনিয়ন ভিজিট করেন না, উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদের সাথে মত বিনিময় করেন না। সরকারী ছোট কর্মচারী ও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ পেনশন তোলার জন্য হয়রানির শিকার হচ্ছেন। পাসপোর্ট করতে অনেক ভোগান্তি হচ্ছে। পৌরসভায় যারা দায়িত্ব পালন করছেন তাদের ব্যর্থতায় শহর নোংরা থাকছে। বিষয়টি খুবই অস্বস্থিকর। পৌর সদরের ফুটপাথ দখল করে ব্যবসা করার ফলে মানুষ নির্বিঘ্নে চলাচল করতে পারছে না। তহশিল অফিসে খাজনা দিতে গিয়ে বড় ধরণের সমস্যা হচ্ছে। তিনি নিজে খারিজ/খাজনার বিষয়ে ভূক্তভোগী। ০২(দুই)জন সহকারী কমিশনার বদলী হওয়ার পর তার কাজ হয়েছে।

০৬। জেলা শিক্ষা অফিসার, পাবনা বলেন-ছাত্র-ছাত্রী থেকে অভিভাবক পর্যন্ত সেবা প্রদান করা শিক্ষা বিভাগের কাজ। তিনি বলেন-সরকারী নির্দেশনা মোতাবেক সরকারী/বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান থেকে পাঠদান নিশ্চিত করা হচ্ছে। তিনি বলেন-প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্য ইউনিট করা প্রয়োজন। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্য সম্মত টয়লেট থাকলেও যথাযথভাবে ব্যবহার না করার ফলে ব্যবহারের অনুপযোগী থাকে।

০৭। সহকারী পরিচালক ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, পাবনা বলেন- প্রচলিত শিক্ষা ব্যবস্থায় স্বাস্থ্যর বিষয়ে উল্লেখ আছে। তিনি বলেন- দৈনন্দিন অভ্যাস ( যেমন- খাওয়ার আগে হাত ধোয়া, টয়লেট থেকে ফিরে হাত ধোয়া, খাবার ঢেকে রাখা, বাসী খাবার না খাওয়া, নখ কাটা, বাইরে থেকে এসে হাত-মুখ ধোয়া ইত্যাদি) ও খাদ্যাভাস পরিবর্তনের মাধ্যমে অনেক সুস্থ্য থাকা যায় ( খাবারের ০৬টি উপাদান সমৃদ্ধ খাবার খাওয়া, নিয়মিত ব্যায়াম করা ইত্যাদি )। তিনি বলেন- মাঠ পর্যায়ের স্বাস্থ্যকর্মীগণ শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্য সচেতনার বিষয়ে প্রোগ্রাম করেন। জেলা পর্যায়ে স্কুল হেলথ আছে।

০৮। জনাব ডা. নাজমুস সাকিব, সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, পাবনা বলেন- প্রতিটি ইউনিয়নে পরিবার পরিকল্পনা বিভাগের অফিস আছে। প্রতিমাসে ৮/১০টি শিক্ষা প্রতিষ্ঠানে প্রোগ্রাম করা হয়। অনেক আগে থেকেই এ কার্যক্রম চলছে। শিক্ষা বিভাগ থেকে মনিটরিং করলে কার্যকর হবে। ইউনিয়ন স্বাস্থ্য কর্মীদের দিয়ে প্রাথমিক স্বাস্থ্য বিষয়ে ক্লাস নেয়া হয়।

অত:পর সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:-

| ক্র নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১. | সরকারী সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখতে হবে ও সিটিজেন চার্টার অফিসের সামনে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে। | বিভাগীয় কর্মকর্তা (সকল), পাবনা<br>প্রোগ্রামার, আই.সি.টি বিভাগ, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা। |
| ০২. | সিটিজেন চার্টার মোতাবেক নির্দিষ্ট সময় সেবাপ্রার্থীর সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সকল শাখা |
| ০৩. | সেবা প্রদানে শাখা পর্যায়ে কর্মচারীদের আন্তরিকতার সাথে কার্যক্রম সম্পাদনে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), পাবনা |
| ০৪. | উপজেলা কৃষি কর্মকর্তা ও উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাঠ ভিজিট/পরিদর্শন মনিটরিং করতে হবে। | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী , পাবনা। |
| ০৫. | সরকারী কর্মকর্তা/কর্মচারীগণ পেনশন পেতে যাতে ভোগান্তির শিকার না হয় সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পাবনা। |
| ০৬. | পাসপোর্ট অফিসের সেবা সহজ/ ভোগান্তি কমাতে ব্যবস্থা নিতে হবে। | সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, পাবনা। |
| ০৭. | ভূমি অফিসের দূর্নীতি বন্ধ করতে কার্যকর ব্যবস্থা নিতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা। |
| ০৮. | প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের টয়লেট/ওয়াশরুম পরিস্কার পরিচ্ছন্ন রাখতে প্রধান শিক্ষকদের নির্দেশনা প্রদান। | জেলা শিক্ষা অফিসার/ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পাবনা। |
| ০৯. | ইউনিয়ন পর্যায়ের স্বাস্থ্য বিভাগ ও পরিবার পরিকল্পনা বিভাগের শিক্ষা প্রতিষ্ঠানের প্রোগ্রাম সফল করতে সংশ্লিষ্ট ক্লাস্টার এ.টি.ই.ও কে অন্তর্ভূক্ত করতে হবে। | সিভিল সার্জন/উপপরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ /জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পাবনা। |

সভায় আরকোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৮/১২/২০২২

( বিশ্বাস রাসেল হোসেন )
জেলা প্রশাসক
পাবনা
ফোন: +৮৮০২৫৮৮৮৪৫৪৯৯ (অফিস)
ইমেইল:dcpabna@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
(সংস্থাপন শাখা)
www.pabna.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০০৯.১৫.০৫৫.২২.৬৫৫

তারিখ : ২৩ অগ্রহায়ণ ১৪২৯ / ০৮ ডিসেম্বর ২০২২

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে ( জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয় ) :

০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০২। উপপরিচালক, স্থানীয় সরকার, পাবনা
০৩। ..............................জেলা পর্যায়ের বিভাগীয় কর্মকর্তা (সকল), পাবনা
০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি), পাবনা
০৫। উপজেলা নির্বাহী অফিসার------------------ (সকল), পাবনা
০৬। সহকারী কমিশনার ( ভূমি), ............(সকল), পাবনা
০৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা,..............................................(সকল) শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
০৮। জনাব,..........................................................................................
..............................................................................................

০৮/১২/২০২২

( আফরোজা আখতার )
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
পাবনা

07/12/22




অংশীজনের অংশগ্রহণে সভা